

জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন  
(রহিতকরণ) আইন, ২০০২

২০০২ সনের ৪ নং আইন

[২৩ মার্চ, ২০০২]

জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন আইন, ২০০১ রহিতকরণকল্পে  
প্রণীত আইন।

যেহেতু জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন আইন, ২০০১ (২০০১  
সনের ২ নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। এই আইন জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন (রহিতকরণ) আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

সংক্ষিপ্ত শিরোনাম

২। জাতির পিতার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন আইন, ২০০১ (২০০১  
সনের ২ নং আইন) এতদ্বারা রহিত করা হইল।

২০০১ সনের ২নং  
আইন রহিতকরণ

৩। এই আইন রহিত করিবার পূর্বে ইহার অধীনে কৃত কোন কার্য ও গৃহীত  
কোন ব্যবস্থা যদি থাকে বা কোন আদালতে কোন মামলা বিচারার্থীন থাকে,  
উক্তরূপ কার্য বা গৃহীত ব্যবস্থা বা মামলা উক্ত আইন রহিত করিবার সংগে  
অকার্যকর, রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে।

রহিতকরণ